

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৬৬.১৫- ছবি ৮

তারিখ: ০২ বৈশাখ ১৪২৬  
 ০২ মে ২০১৯

বিষয়: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী এমএড কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আবেদনপত্র আহবান।


সূত্র: প্রাগম স্মারক নং ৩৮.০০.০০০০.১০১.৯৯.০০১.১৯.৪৭, তারিখ: ১৮ এপ্রিল ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ব্র্যাকের নিজস্ব অর্থায়নে ব্র্যাক শিক্ষা উন্নয়ন ইনসিটিউট-ব্র্যাক বিশ্ববিদ্যালয় (ব্র্যাক আইইডি) থেকে এক বছর মেয়াদী “শিক্ষায় নেতৃত্ব এবং বিদ্যালয় উন্নয়ন” বিষয়ক এমএড প্রোগ্রাম বাস্তবায়নের নিমিত্ত আগামী ২০১৯-২০২০ সেশনে এমএড কোর্সে ভর্তির জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, পিটিআই সুপার, সহকারী পিটিআই সুপার, পিটিআই ইন্সট্রাক্টর এবং ডিপিই কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

২। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে এমএড কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীগণকে সংযুক্ত ফরমে তথ্যাদি প্রদানপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ০২ (দুই) কপি আবেদনপত্র আগামী ২০ মে ২০১৯ তারিখের মধ্যে ডাকঘোণে/বাহক মারফত মহাপরিচালক বরাবর এবং ০১ (এক) কপি পরিচালক (প্রশিক্ষণ) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

➤ আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

- এমএড কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ইংরেজি ভাষায় সাবলীলভাবে লেখা, পড়া এবং কথা বলার দক্ষতা থাকতে হবে।
- প্রাথমিক শিক্ষার উন্নয়নে (ভর্তি, শিক্ষা সমাপনী এবং বারেপড়া রোধে সাফল্য অর্জনসহ সমাজ উদ্বৃকরণ ইত্যাদি ক্ষেত্রে) বিশেষ অবদানের স্বীকৃতিপ্রাপ্ত এবং প্রাথমিক শিক্ষা বিষয়ে যাদের উচ্চমানের প্রকাশনা/গবেষণা রয়েছে তারা উক্ত কোর্সে অধ্যয়নের জন্য অগ্রাধিকার পাবেন।
- চাকুরি স্থায়ী হতে হবে এবং প্রাথমিক শিক্ষার মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ে প্রার্থীর ন্যূনতম ০৭ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।
- আচরণ ও শৃঙ্খলা/সার্ভিস রেকর্ড সন্তোষজনক হতে হবে।
- প্রার্থীদের বয়স ৩০ এপ্রিল ২০১৯ তারিখে অনুর্ধ্ব ৪৫ (পাঁয়তালিশ) বছর হতে হবে।
- যে সকল কর্মকর্তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে বা পিইডিপি-৩ এর আওতায় দেশী/বিদেশী বিশ্ববিদ্যালয় হতে এক বছর মেয়াদী এমএড/মাস্টার্স ডিগ্রী অর্জন করেছেন তারা আবেদন করতে পারবেন না।
- যে সকল কর্মকর্তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় সরকারি শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট (টিটি কলেজ) থেকে বিএড/এমএড সম্পন্ন করেছেন তারা আবেদন করতে পারবেন না।
- এমএড কোর্স সম্পন্ন করার পর প্রার্থীগণ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ১০ বছর কাজ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন।
- এমএড কোর্সের শিক্ষার্থীদের যাবতীয় ব্যয়ভার ব্র্যাক বিশ্ববিদ্যালয় বহন করবেন।

  
 মোঃ জোবায়েদুর রহমান  
 পরিচালক (প্রশিক্ষণ)  
 ফোন: ০২-৫৫০৭-৮৯৪৬

বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)-

তাঁদের আওতাধীন সংশ্লিষ্ট প্রার্থীদের অবহিত করার অনুরোধসহ।

অনুলিপি:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক (অতি: দায়িত্ব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৩। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই ওয়েবসাইটে বিজ্ঞিপ্তিখন্ম আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৪। ড. ইরাম মরিয়ম, নির্বাহী পরিচালক, ব্র্যাক শিক্ষা উন্নয়ন ইনসিটিউট-ব্র্যাক বিশ্ববিদ্যালয় (ব্র্যাক আইইডি)।

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার----- (সকল)।

৬। সুপারিনেন্ডেন্ট, পিটিআই----- (সকল)।

৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার----- (সকল)।

৮। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার----- (সকল)।

৯। অফিস কপি।

তাঁদের আওতাধীন সংশ্লিষ্ট প্রার্থীদের অবহিত করার অনুরোধসহ।